

আন্তর্জাতিক

নেপালে পাহাড়ি ঢলে নিহত ২২, নিখোঁজ ৩৮৪ জন

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



তিব্বত সীমান্ত থেকে নেমে আসা আকস্মিক পাহাড়ি ঢলে নেপালের ন্যূনাকোট ও ধাদিং জেলায় অন্তত ২২ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় এখন পর্যন্ত ৩৮৪ জন নিখোঁজ রয়েছেন।

নেপাল ট্যুরিজম বোর্ড জানিয়েছে, নিখোঁজ ব্যক্তিদের মধ্যে ৯৩ জন নেপালের নাগরিক। বিদেশি নাগরিক ২৯১ জন।

নিখোঁজ বিদেশি নাগরিকদের মধ্যে সবচেয়ে বেশি ভারতীয়। তাঁদের মধ্যে ১০৫ জন ভারতীয় নাগরিক ও ৩৭ জন অনাবাসী ভারতীয় (এনআরআই) রয়েছেন।

এ ছাড়া ১২ জন ব্রিটিশ নাগরিকও নিখোঁজ রয়েছেন।

নেপাল ট্যুরিজম বোর্ডের তথ্য অনুযায়ী, নিখোঁজ বিদেশিদের তালিকায় ১৭ জন মালয়েশীয় নাগরিক রয়েছেন। দক্ষিণ আফ্রিকার চারজন এবং

যুক্তরাষ্ট্রের তিনজন নাগরিকও নিখোঁজ।

এ ছাড়া অস্ট্রেলিয়া ও নেদারল্যান্ডসের একজন করে নাগরিক নিখোঁজ রয়েছেন।

তালিকায় থাকা আরও ১১১ জনের জাতীয়তা এখনো নিশ্চিত করা যায়নি।

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি
করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ
জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ফেপপাস্ত্র-ড্রোন হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ফেপপাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার
দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুখিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুখি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/nepale-pahari-dhle-niht-22-nikhonj-384-jn>